R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No.—WB/MSD—4

ফ্রান্স-এর সহযোগিতায় তৈরী
সারদা বাইরন-এর
হোমিও ঔষধ পাওয়া যায়
কেয়ার এণ্ড কিওর হোমিও
সেণ্টার
গাড়ীঘাট
রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

বিবাহ উৎসবে
ভি, ডি ও ক্যাসেট স্যুটিং
এর জন্য যোগাযোগ করুন—
ষ্টুডিও চিত্রশ্রী
রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ

৭৬শ বর্ষ
১ম সংখ্যা

রঘুনাথগঞ্জ ৩রা জ্যৈষ্ঠ বুধবার, ১৩৯৬ সাল।
১৭ই মে, ১৯৮৯ সাল।

নগদ মূল্য : ৪০ পয়সা
বার্ষিক ২০৲

## বাংলাদেশে চাল পাচার রুখতে সরকারী তৎপরতা

জঙ্গিপুর ঃ বাংলাদেশে চাল পাচার রুখতে মহকুমা শাসকের আদেশে পুলিশ এতদিনে তৎপর হয়েছে বলে খবর। কিন্তু তাদের অতি তৎপরতার শিকার হয়ে পড়ছেন গরীব মধ্যবিত্ত মানুষেরা। অভিযোগ, পুলিশ পারঘাটে মিঞাপুর বাজার থেকে কিনে নিয়ে আসা গৃহস্থদের খাবার চালও আটক করছে। এক কুইন্ট্যাল চালও ধরা হচ্ছে। ফলে গ্রামে গঞ্জে মানুষের মধ্যে ভীতির সঞ্চার বৃদ্ধি পেয়েছে এবং জঙ্গিপুর অঞ্চলে চালের বাজার দর বাড়ছে। এই অবস্থায় সীমান্ত অঞ্চলের গিরিয়া, খেজুরতলা বিশেষ করে চর অঞ্চলের নারুখাকি প্রভৃতি এলাকার বাসিন্দাদের ঘরে খাবার চালের অভাব দেখা দিয়েছে। মহকুমা শাসকের সঙ্গে যোগাযোগ করলে তিনি জানান, কোন ব্যক্তি ১·৬৭ কুইন্ট্যাল চাল নিজের ব্যবহারের জন্য বিনা অনুমতিতে পরিবহণ করতে বা বাড়ীতে ষ্টক রাখতে পারেন। শুধু চোরাচালান রোধে তার চেয়ে বেশী মাত্রায় চাল বহনকারীদের ধরছে। দেখা গিয়েছে যাদের ধরা হয়েছে তারা ব্যবসা করতেই (শেষ পৃষ্ঠায়)

## ধুলিয়ানে সি পি এম একা, পরিস্থিতি মোকাবিলায় চণ্ড নীতির প্রয়োগ

বিশেষ সংবাদদাতা, ধুলিয়ান ঃ সি পি এমের একছত্র আধিপত্য বিস্তারের প্রচেষ্টার বিরুদ্ধে শরিকী ও অন্যান্য ছোট বড় সব রাজনৈতিক দল এককাট্টা হয়ে রুখে দাঁড়িয়েছে। এই অধিকার রক্ষা কমিটিতে একত্রিত হয়েছেন সি পি আই, ফরওয়ার্ড ব্লক, আর এস পি, এস ইউ সি,, কংগ্রেস, মুসলিম লীগ বি জে পি, মার্কসা প্রভৃতি ছোট ছোট দলগুলি। সমস্ত দলের নেতৃবৃন্দ বিভিন্ন স্থানে সভা-সমিতি করে জনসাধারণের মধ্যে সি পি এম বিরোধী বক্তব্য রাখছেন। নেতাদের মধ্যে পরিচয় দাশগুপ্ত, প্রাক্তন বিধায়ক শেরাত আলী, ভোলা গুপ্ত প্রভাস দাস, সুভিত মুন্সী, ইউসুফ হোসেন, আবদুর রব, ষষ্ঠীচরণ ঘোষ প্রমুখেরা বিভিন্ন সভায় ভাষণ দিয়ে জনগণকে আত্মসচেতন করে চলেছেন। বক্তব্যে তাঁরা জানান, সি পি এম এখন আর বৈপ্লবিক সংগঠন নয়, তাঁরা মধ্যবিত্ত সংশোধন বাদী পর্য্যায়ে এসে দাঁড়িয়েছেন। ক্ষমতার দম্ভে তাঁরা নিজেদের ছাড়া আর সব দলকেই অচ্ছুত মনে করেন। প্রায় দেড় দশক শাসন ক্ষমতা করায়ত্তে থাকায় ওই দলে সুযোগসন্ধানী, স্বার্থপর, সমাজবিরোধীদের প্রবেশ ঘটেছে। তাই তাঁরা তারাপুরে গণতান্ত্রিক আন্দোলনকে ভীতির চক্ষে দেখে তাকে (শেষ পৃষ্ঠায়)

*বিশেষ সম্পাদকীয় ঃ*

## জন্মদিনের প্রতিশ্রুতি

আপন আয়ুর কক্ষপথে পঞ্চসপ্ততিতম বর্ষ প্রদক্ষিণ করিয়া 'জঙ্গিপুর সংবাদ' ষটসপ্ততিতম বৎসরের বয়ঃসীমায় পদার্পণ করিল। মফঃস্বলের একটি সাপ্তাহিকের জীবনে ইহা নিঃসন্দেহে গৌরব এবং গর্বের বিষয়। বহু বাধা বিঘ্নের মধ্য দিয়া আপন প্রাণপ্রবাহকে বহমানা রাখিয়া নির্ভীক নিরপেক্ষ জনসেবা করিয়া চলিয়াছে—ইহা কম আত্মশ্লাঘা বস্তু নহে। দাদাঠাকুরের প্রদর্শিত মত ও পথ 'জঙ্গিপুর সংবাদের' চলার পথের মূলধন। তাঁহার আদর্শ তাহার জীবন পথের পরম পাথেয়। দাদাঠাকুর জীবন চর্চ্চায় এবং চর্য্যায় ছিলেন কোষ মুক্ত তরবারি। শাণিত বাক্যের আঘাতে অন্যায় এবং অসত্যের মুখোশ খুলিয়া দিতে কখনও পশ্চাদ্‌পদ ছিলেন না। বরং ইহাদের বিরুদ্ধে তিনি ছিলেন সোচ্চার এবং ইহার প্রতিকারের দাবীতে ছিলেন দীপ্তকণ্ঠ এবং আপসহীন সংগ্রামী পুরুষ। দারিদ্রের সঙ্গে সংগ্রাম করিয়া সাংবাদিকতাকে শুধু বৃত্তি হিসাবেই গ্রহণ করেন নাই। সাংবাদিকতার মহান এবং পবিত্র আদর্শকে সর্বদা উচ্চাসনে প্রতিষ্ঠিত রাখিয়াছিলেন। বিবেককে জলাঞ্জলি দিয়া বিরুদ্ধ শক্তির দাসত্ব করেন নাই, কোন রক্তচক্ষুর শাসানিতে আপন কর্ত্তব্য কর্ম হইতে বিন্দুমাত্র সরিয়া আসেন নাই। কোন প্রকার লোভ লালসা প্রলোভন অথবা ভীতি সাংবাদিকতার আদর্শ হইতে তাঁহাকে পথভ্রষ্ট করিতে পারে নাই। (২য় পৃষ্ঠায়)

## রাস্তার দুরবস্থায় গ্রামের মানুষ নাজেহাল

জঙ্গিপুর : রঘুনাথগঞ্জ ২নং ব্লকের বাঁধের ধার থেকে নবকান্তপুর পর্যন্ত রাস্তাটি অসম্পূর্ণভাবে মাটি ফেলার ফলে উঁচু নিচু হয়ে চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। ওই অঞ্চলের গ্রামবাসীদের আশঙ্কা আগামী বর্ষায় বান ও বৃষ্টির জলে তাঁদের দুরবস্থা অবর্ণনীয় হবে। মিঠিপুর ও সেকন্দরা গ্রাম পঞ্চায়েতের মধ্যবর্তী এই পথটি সংস্কারের জন্য কয়েক লক্ষ টাকা সরকারী অর্থ মঞ্জুর হয়েছে বলে জানা যায়। কিন্তু তাতেও সংস্কারে এত গড়িমসি কেন পথচারীরা বুঝতে পারছেন না। এই রাস্তা দিয়ে গিরিয়া নুরপুর, মিঠিপুর, সেকন্দরা ইত্যাদি গ্রামের কয়েক হাজার মানুষ দৈনন্দিন যাতায়াত করেন। অন্যদিকে সেকন্দরা প্রভৃতি গ্রামে গত বর্ষায় অকেজো হয়ে যাওয়া টিউবওয়েলগুলি এখনও চালু হয়নি বলে গ্রামবাসীরা অভিযোগ করেন। তাঁতিপাড়ার টিউবওয়েলটি পঞ্চায়েত ভোটের সময় চালু করা হয়েছিল কিন্তু ক'দিনের মধ্যে তা খারাপ হয়ে যায়। ভাল করার আর কোন প্রচেষ্টা হয়নি। গ্রামগুলিতে পানীয় জলের অভাব দেখা দিয়েছে বলে গ্রামবাসীরা চিন্তিত।

পুনরায় জনতা চা ঃ প্রতি কেজি ২৫-০০টাকা
চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

**NTPC**

नेशनल थर्मल पावर कारपोरेशन

# National Thermal Power Corporation Ltd.

(A GOVERNMENT OF INDIA ENTERPRISE)

## Farakka Super Thermal Power Project

P. O. NABARUN : DIST. MURSHIDABAD (W. B.)

PIN : 742236

Sealed tenders are invited from experienced and registered contractor of NTPC/CPWD/Railways/WBSEB and Public Sector undertakings for the following works. Tender documents can be had in person showing the registration and credentials from the office of the undersigned during working hours of the date mentioned for sale of documents on payment of cost of tender documents for the works. Tenderers desiring documents by post should send Rs 20-00 (Rupees twenty only) extra for each work either by I. P. O. payable at Post Office, Khejuriaghat or Demand Draft in favour of National Thermal Power Corporation Ltd. payable on State Bank of India at Farakka alongwith a copy of proof of registration and credentials.

The documents will be on sale from 22-5-89 to 10-6-89 between 9-00 to 12-00 hours and 14-30 hours to 16-00 hours on all Working days. Tender will be received upto 3.00 p. m. of the tender opening date and will be opened as indicated below in presence of the attending tenderers or their authorised representatives.

| Sl. No. | Name of work | Approx value of work | Amt. of EMD cost of tender paper | Completion period | Date & time of opening |
|---|---|---|---|---|---|
| 1. | Civil work for extension part of permanent guest house of FSTPP NIT no. FS : 42 : CS : 1809/T-42/89 | 14.0 lakhs | Rs. 28,000/- Rs. 100/- | 12 months | 12-6-89 at 3 p.m. |
| 2. | Extension of kitchen and construction of a dining hall and accomodation for the bearer and cook including some repair and renovation work in transit camp. TTS of FSTPP. NIT no. FS : 42 : CS : 1808/T-43/89 | 2.5 lakhs | Rs. 5000/- Rs. 50/- | 6 months | 12-6-89 at 4 p m |
| 3. | Construction of boundary wall (part VIII) behind MGR workshop building at northen side of plant area of FSTPP. NIT no. FS : 42 : CS : 1112/T 44/89 | 3.5 lakhs | Rs. 7000/- Rs. 50/- | 8 months | 13-6-89 at 3 p m |
| 4. | Construction of road and drain to northen side of MGR workshop at plant area of FSTPP. NIT no. FS : 42 : CS : 1111/T-45/89 | 0.7 lakhs | Rs. 1400/- Rs. 25/- | 6 months | 13-6-89 at 3-30 p m |
| 5. | Cleaning and house keeping contract for store operation of FSTPP NIT no. FS : 42 : CS : 1095/T-46/89 | 0.6 lakhs | Rs. 1200/- Rs. 25/- | 12 months | 13-6-89 at 4 p m |

### TERMS AND CONDITIONS

1. Proof of registration, latest IT. ST & Professional tax clearance certificates and other credentials are to be shown at the time of obtaining tender forms and should be submitted alongwith the tender.

2. Interested parties are advised to visit site to familiarise with the site conditions

3. Tenders received late and/or without earnest money will not be entertained. Adjustment of earnest money against running account bill is not acceptable and earnest money to be submitted in any of the acceptable form as mentioned in the tender paper. Tenderers registered with any other project of NTPC, are not exempted from depositing EMD. The tenders must be accompanied by requisite earnest money in prescribed form, earnest money of Rs..................enclosed should clearly be written on the top of envelope containing tender paper, failing which the tender(s) may not be opened and will be returned to the tenderer(s).

4. NTPC takes no responsibility for delay or non-receipt of tender documents sent by post

5. The authority of acceptance of any offer in part or in whole or dividing the work amongst more than one party solely rests with NTPC. NTPC does not bind itself to accept the lowest offer or any offer reserves the right to cancel any or all the offers without assigning any reason.

**Deputy Manager (Contracts)**

FSTPP/NTPC

## সরকারী তৎপরতা ( ১ম পৃষ্ঠার পর )

চাল নিয়ে যাচ্ছে এবং অধিকাংশেরই কোন লাইসেন্স নেই। প্রত্যেককে লাইসেন্স নেবার জন্য অনুমতি চাইতে বলা হয়েছে। কিন্তু এই সুযোগে রাজনৈতিক দলগুলি গোলমাল শুরু করতে চাইছেন। মহকুমা শাসক বলেন, চালের দর কোথাও এ কারণে বৃদ্ধি পায়নি। প্রত্যেককে বলা হয়েছে সীমান্ত অঞ্চল বা জঙ্গিপুর শহরে যাঁরা উৎসবাদির জন্য চাল মজুত রাখতে চান তাঁরা পুরপতি কিংবা অঞ্চল প্রধানের কাছ থেকে সার্টিফিকেট নিয়ে নেবেন। চোরাচালান বন্ধের উদ্দেশ্যে আজ ১৭ মে মহকুমা শাসক তাঁর চেম্বারে বিভিন্ন থানার ওসি, বিডিও, বি এস এফ প্রধান, পঞ্চায়েত সমিতির সদস্য ও রাজনৈতিক দলগুলির নেতাদের নিয়ে এক আলোচনায় বসেন। এই মহকুমা থেকে চোরা পথে বাংলাদেশে চাল ও গরু পাচার বন্ধের ব্যাপারে থানাগুলির এবং বি এস এফের ভূমিকা নিয়ে বিশেষ আলোচনা হয়। মিঞাপুর বাজারের চাল ব্যবসায়ীদের অনেক বেআইনী কারবারের কথা তাঁর কানে এসেছে বলে তিনি মন্তব্য করেন। তিনি বলেন, এ সবেরও মোকাবিলা করতে তিনি প্রস্তুত হচ্ছেন। চালের চোরাচালান রোধে তাঁর এই তৎপরতা তিনি চালিয়ে যাবেন বলে ঘোষণা করেন। কিন্তু আমাদের পত্রিকা দপ্তরে খবর এসেছে ধুলিয়ানের চর দেওনাপুর ল্যাণ্ড বর্ডার ও নুরপুর নিমতিতা বর্ডার দিয়ে বেআইনী চাল পাচার বন্ধ তো হয়নি বরং প্রতিনিয়ত বেড়ে চলেছে। অন্যদিকে পুলিশ কর্তৃক সিজ করা বস্তাগুলি সরকারী নির্দেশে রেশন ডিলারদের মারফৎ বিলি করার আদেশ হয়েছে। রেশন ডিলারদের অভিযোগ, প্রতিটি বস্তাতেই সিজার লিষ্টের পরিমাণের চেয়ে চাল কম পাওয়া যাচ্ছে।

## চণ্ড নীতির প্রয়োগ ( ১ম পৃষ্ঠার পর )

ভেঙ্গে তছনছ করে দিতে পুলিশী সন্ত্রাস চালান। তাঁদের নির্দেশে মহকুমা শাসক, মহকুমা পুলিশ প্রশাসক পুলিশের এক বিশাল বাহিনী নিয়ে শান্তিপূর্ণ আন্দোলনকারীদের উপর ঝাঁপিয়ে পড়েন। বেপরোয়া লাঠি ও কাঁদুনে গ্যাস ব্যবহার করা হয়। এমনকি কয়েক রাউণ্ড গুলিও চালান হয়। এস ইউ সির নেতা প্রভাস দাসকে পুলিশ মারতে মারতে ভ্যানে তোলে। প্রায় দুইশত আন্দোলনকারীসহ সব দলের নেতৃ স্থানীয়দের গ্রেপ্তার করে কোর্টে চালান দেয়। জানা যায় ছোট্ট হাজত ঘরে এক সঙ্গে বহু ব্যক্তিকে বন্ধ করে রাখা হয়। এই ঘটনাকে সাত জোটের নেতারা একঘরে হয়ে যাওয়া সি পি এমের চণ্ড নীতির বহিঃপ্রকাশ বলে মন্তব্য করেন। তাঁরা বলেন, যুক্তফ্রন্ট সরকার একদিন গণতান্ত্রিক ও শ্রমিক আন্দোলনে পুলিশের হস্তক্ষেপের বিরোধী ছিলেন, সেই যুক্তফ্রন্টের বড় দল সি পি এম আজ ক্ষমতা রক্ষার তাগিদে পুলিশী অত্যাচারের তাণ্ডব বইয়ে দিতে দ্বিধা করছেন না। জঙ্গিপুর ও রঘুনাথগঞ্জের পুলিশ নিরপেক্ষ না থেকে সি পি এমের নির্দেশে চালিত হয়ে গণতন্ত্রকে প্রহসনে পরিণত করেছে। সব দলের নেতারা জনগণকে এই সম্মিলিত সন্ত্রাসের বিরুদ্ধে একযোগে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন। তাঁরা আরও বলেন, ধুলিয়ানের সি পি এম নেতারা আজ নীতিভ্রষ্ট। তাঁরা পুঁজিপতি, ব্যবসাদার ও চোরাচালানকারীদের বন্ধু। চিত্ত সরকার, তামিজ পণ্ডিতরা সর্বক্ষেত্রে পার্টির ক্ষমতা দখলে রেখে নিজেদের আখের গুছিয়ে নিতে ব্যস্ত। তাঁরা গাড়ী-বাড়ী করে মেকী মার্কসবাদীতে পরিণত হয়েছেন। তাঁরা মুখে শ্রমিক স্বার্থের কথা বললেও শ্রমিকদের আন্দোলন করতে দেন না। প্রয়োজনে শ্রমিক আন্দোলনকে পুলিশ দিয়ে ভেঙ্গে গুঁড়িয়ে দেন। তাঁরা কাগজে কলমে বিভিন্ন ট্রেড ইউনিয়ন খুলে রেখেছেন, কিন্তু কোন ইউনিয়নকেই আন্দোলনের পথে যেতে দেন না। জোটের নেতাদের সাথে ধুলিয়ানের মানুষও সোচ্চার হয়ে নেতাদের বিরুদ্ধে মিথ্যা মামলা প্রত্যাহার ও অতি তৎপর প্রশাসনিক কর্তাদের শাস্তি দাবী করে চলেছেন। ধুলিয়ান আজ অগ্নিগর্ভ। সাধারণ মানুষ নিজেদের গণতান্ত্রিক অধিকার ফিরে পেতে সংগ্রামে নেমেছেন। লাঠি, বন্দুক দিয়ে সে সংগ্রামকে ধ্বংস করা সম্ভব নয় একথা ধুলিয়ানের বর্ত্তমান দাম্ভিক সি পি এম নেতারা যদি না বোঝেন এ অঞ্চলে তাঁদের ও দলের ভরাডুবির বিলম্ব নেই।


### ক্যাশ সার্টিফিকেট হারিয়েছে

গৌড় গ্রামীণ ব্যাঙ্ক জঙ্গিপুর শাখা থেকে ১০-১০-৮৪ তারিখে কেনা আমার নামীয় একখানি ক্যাশ সার্টিফিকেট নং ১১৩/৮১/৮৪ মূল্য ১৫০০ টাকা হারিয়ে গেছে। কোন সহৃদয় ব্যক্তি পেয়ে থাকলে নিম্ন স্বাক্ষরকারীকে ফেরৎ দিলে বাধিত হ'ব।

সুমেরা বিবি

খেজুরতলা, পোঃ গিরিয়া (মুর্শিদাবাদ)

### কিস্তিতে মোটর বাইক/স্কুটার/টিভি/বাস/লরী কিনবেন?

বাড়ী করার জন্য লোন চান? বাস্তু জমি বা পুরানো বাস, লরী, মোটর সাইকেল, টিভি প্রভৃতি কেনাবেচা করতে চান? সত্বর যোগাযোগ করুন।

দিলসন্‌স্ মিউচুয়ালাইজার

DILSONS MUTUALISER

শ্মশানঘাট রোড, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ ৭৪২২২৫

বিঃ দ্রঃ সাগরদীঘি শাখা অফিস খোলার জন্য বেতন ও কমিশনে কর্মী চাই

### যৌতুকে VIP
### সকল অনুষ্ঠানে VIP
### ভ্রমণের সাথী VIP
### এর জুড়ি কি আর আছে!

সংগ্রহ করতে চলে আসুন দুলুর দোকানের VIP সেন্টারে

এজেণ্ট

প্রভাত ষ্টোর (দুলুর দোকান)

রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

### বসন্ত মালতী

### রূপ প্রসাধনে অপরিহার্য

### সি, কে, সেন এ্যাণ্ড কোং লিমিটেড

কলকাতা ॥ নিউ দিল্লী


রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত